

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়  
আইসিটি টাওয়ার (৭ম তলা), আগারগাঁও, ঢাকা

ADD  
২০/১১/২০১৬

স্মারক নং-৫৬.০০.০০০০.০২৮.২০.০৪৭.১৫-৭০৫

তারিখঃ ৩১.০৫.২০১৬ খ্রি.

**প্রজ্ঞাপন**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” শীর্ষক প্রকল্পের মাধ্যমে ২০০১ টি কম্পিউটার ল্যাব স্থাপন করা হচ্ছে। পরবর্তীতে এ প্রকল্পের মাধ্যমে আরো ৯০০ টি ল্যাব স্থাপন করা হবে। এ সকল ল্যাবে ছাত্র-ছাত্রীদের তথ্য প্রযুক্তি বিষয়ে পাঠদানের পাশাপাশি বিদ্যমান উচ্চগতির ইন্টারনেট সুবিধা কাজে লাগিয়ে বহুমাত্রিক ব্যবহার নিশ্চিতকরণে স্থানীয় জনসাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত করা প্রয়োজন। আশা করা যাচ্ছে যে, আইসিটি ক্লাবটি ইন্টারনেটের জগৎ-এ সাধারণ জনগণের প্রবেশের ক্ষেত্র সম্প্রসারিত করার মাধ্যমে বিদ্যমান ডিজিটাল ডিভাইড প্রশমনে সহায়ক হিসেবে বিবেচিত হবে। একটি জ্ঞান নির্ভর তরুণ প্রজন্ম বিনির্মাণে প্রতিটি ল্যাবকে কেন্দ্র করে উৎসাহী জনগণের সমন্বয়ে ক্লাব গঠনের মাধ্যমে ল্যাবসমূহের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার উদ্যোগ গ্রহণ প্রয়োজন। এর ফলে ডিজিটাল বাংলাদেশ গঠন ও আইসিটি শিক্ষাকে উদ্বুদ্ধকরণে সরকারের পদক্ষেপ আরো সমৃদ্ধ হবে। ক্লাবসমূহ শেখ রাসেল আইসিটি ক্লাব নামে পরিচিতি পাবে।


সুষ্ঠুভাবে ক্লাবসমূহ পরিচালনার জন্য নিম্নে বর্ণিত কর্মকর্তা/ব্যক্তিবর্গের সমন্বয়ে একটি পরিচালনা পর্ষদ গঠন করা হলো:

- |  |              |
|--|--------------|
| ১. উপজেলা নির্বাহী অফিসার  | - সভাপতি     |
| ২. উপজেলা শিক্ষা অফিসার  | - সদস্য      |
| ৩. স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি   | - সদস্য      |
| ৪. স্কুলের প্রধান শিক্ষক   | - সদস্য      |
| ৫. উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত আইসিটি সংশ্লিষ্ট কার্যক্রমের সাথে জড়িত সংগঠক (২ জন) | - সদস্য      |
| ৬. সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর   | - সদস্য সচিব |

**উক্ত পরিচালনা পর্ষদের কার্যপরিধি নিম্নরূপঃ**

- সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণ।
- ক্লাবসমূহ দৈনিক কমপক্ষে তিন ঘন্টা সদস্যদের ব্যবহারের জন্য উন্মুক্ত রাখতে ব্যবস্থা গ্রহণ।
- স্কুল কর্তৃপক্ষের মাধ্যমে ক্লাবটি নিয়মিত ব্যবহার উপযোগী রাখতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।
- স্থানীয় পর্যায়ে গঠিত পর্ষদ কর্তৃক পরিচালনা সংক্রান্ত বিষয়ে প্রণীত নীতিমালা যথাযথ বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ।
- উপজেলা নির্বাহী অফিসারগণ সার্বিক তত্ত্বাবধানসহ আইসিটি অধিদপ্তরের স্থানীয় প্রতিনিধির মাধ্যমে নিয়মিত ক্লাবটির কার্যক্রম পর্যবেক্ষণ ও মান নিশ্চিতসহ প্রতি মাসে সংশ্লিষ্ট ক্লাবের চলমান অগ্রগতি ও বিদ্যমান অবস্থা আইসিটি অধিদপ্তরকে অবহিত করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(রাসেল মনজুর)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ০২-৮১৮১১৯৬

ই-মেইলঃ ictdivision2014@gmail.com

উপ-পরিচালক

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা

(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধ করা হলো)



অনুলিপি; সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৫. প্রকল্প পরিচালক, সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৬. বিভাগীয় কমিশনার (সকল), ..... বিভাগ।
৭. জেলা প্রশাসক (সকল), ..... জেলা।
৮. উপজেলা নির্বাহী অফিসার, ..... উপজেলা (তাকে ক্লার গঠনের কার্যকর উদ্যোগ গ্রহণের অনুরোধসহ)।
৯. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, ..... উপজেলা, আইসিটি অধিদপ্তর (প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদানের অনুরোধসহ)।